দৈনিক বাংলা

তারিখ 04 FEB 1996
পৃষ্ঠা ১১ কলাম ২

## ইসলামী বিশ্ববিদ্যালয়

# পরীক্ষার খাতায় কারচুপি ঃ চেয়ারম্যান দোষী সাব্যস্ত

**ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা** ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের আল-কোরআন বিভাগের মেধাবী ছাত্র মোঃ ইউনুসের খাতায় কারচুপির তদন্ত শেষে বিভাগের চেয়ারম্যান তাহির আহমেদকে দোষী সাব্যস্ত করা হয়েছে। তাহির আহমেদের বিরুদ্ধে খাতায় কারচুপি সংক্রান্ত ৬টি অভিযোগ প্রমাণিত হয়েছে।

এ ব্যাপারে ইতিপূর্বে ৫ সদস্যের তদন্ত কমিটি গঠিত হয়। মেধাবী ছাত্র মোঃ ইউনুসের মাষ্টার্স চূড়ান্ত পর্বের ৪০৭ নং কোর্সের উত্তরপত্র হতে লুজশীট খুলে রেখে পরীক্ষণসহ মোট ৬টি অভিযোগ প্রমাণিত হওয়ায় বিভাগের চেয়ারম্যানকে এককভাবে দোষী সাব্যস্ত করে ঐ তদন্ত কমিটি সম্প্রতি ভিসির কাছে রিপোর্ট পেশ করেছে। এছাড়াও তদন্ত কমিটি রিপোর্টে ছাত্রের অপর দুইটি অভিযোগের ব্যাপারে ভিসি প্রফেসর ইনাম-উল-হককে দায়ী করেছে। তদন্ত কমিটি জানায়, ভিসি প্যানেল বহির্ভূত এক্সটারনালের কাছে উত্তরপত্র প্রেরণ ও প্রয়োজন ছাড়াই- "থার্ড এক্সামিনারের কাছে খাতা প্রেরণের অনুমতি প্রদান করেছিলেন। তদন্ত রিপোর্টে উক্ত মাষ্টার্স চূড়ান্ত পর্বের পরীক্ষা কমিটি বাতিল এবং মোঃ ইউনুসের উত্তরপত্রের লুজশীট খুঁজে না পাওয়ায় ইন্টারনাল প্রদত্ত নম্বরকে চূড়ান্ত বিবেচিত করে অবিলম্বে উক্ত বর্ষের ফলাফল প্রকাশের সুপারিশ করা হয়েছে।

ভিসি'র সাথে এ বিষয়ে যোগাযোগ করলে তিনি জানান, তদন্ত কমিটির সুপারিশের প্রেক্ষিতে বিষয়টি একাডেমিক কাউন্সিলে পাঠানো হয়েছে এবং অবিলম্বে উক্ত বর্ষের ফলাফল প্রকাশ করা হবে।

উল্লেখ্য, গত ৬ ডিসেম্বর আল-কোরআন বিভাগে অনার্স পরীক্ষায় প্রথম শ্রেণীতে দ্বিতীয় স্থান অধিকারী মোঃ ইউনুস বিভাগের চেয়ারম্যানের বিরুদ্ধে আদর্শিক মতবিরোধের কারণে তার পরীক্ষার খাতায় কারচুপির অভিযোগ এনে বিষয়টি তদন্তের জন্য ভিসির কাছে দাবী জানায়।

এদিকে, বিভাগীয় চেয়ারম্যান কর্তৃক মেধাবী ছাত্রের খাতায় কারচুপির অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-ছাত্রীরা এবং ইসলামী বিশ্ববিদ্যালয় উন্নয়ন পরিষদ এই ধরনের ঘটনার তীব্র নিন্দা জানিয়েছে এবং চেয়ারম্যান তাহির আহমেদকে চাকরিচ্যুতসহ তাঁর বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবী জানিয়েছে।